BANGLADESH SECURITIES AND EXCHANGE COMMISSION
Securities Commission Bhaban, E-6/C Agargaon, Sher-e-Bangla Nagar Administrative Area, Dhaka-1207, Bangladesh.

নং এসইসি/এনফোর্সমেন্ট/২৬০০/২০১৮/৭৫৭

তারিখঃ অক্টোবর ১১, ২০২০ইং

# আদেশ

যেহেতু, Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969) এর Section 2(g) মোতাবেক টুং হাই নিটিং এন্ড ডাইং লিমিটেড 'issuer' হিসাবে অভিহিত (অতঃপর 'ইস্যুয়ার' বলে উল্লিখিত);

যেহেতু, টুং হাই নিটিং এন্ড ডাইং লিমিটেড ৩০ জুন ২০১৭, ৩০ জুন ২০১৮ এবং ৩০ জুন ২০১৯ এ সমাপ্ত বৎসরের নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরনী Securities and Exchange Rules, 1987 এর Rule 12, Sub-rule (3A) মোতাবেক প্রস্তুতপূর্বক সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (অত:পর 'কমিশন' বলে উল্লিখিত), স্টক এক্সচেঞ্জ ও শেয়ার হোল্ডারদের নিকট ১৩৪ দিন এর মধ্যে দাখিল করতে বাধ্য যা পরিপালনে উক্ত ইস্যুয়ার ব্যর্থ হয়েছে;

যেহেতু, উক্ত Ordinance এর Section 2CC এর অধীন জারীকৃত সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশনের Notification No. SEC/CMRRCD/2009-193/188/Admin/69 dated September 7, 2016 যা Notification No. SEC/CMRRCD/2006-158/208/Admin/81 dated June 20, 2018 এ সংশোধিত এর শর্তানুসারে টুং হাই নিটিং এন্ড ডাইং লিমিটেড ৩০ সেপ্টেম্বর ২০১৭, ৩০ সেপ্টেম্বর ২০১৮ ও ৩০ সেপ্টেম্বর ২০১৯ এ সমাপ্ত ১ম প্রান্তিকের ত্রৈ-মাসিক, ৩১ ডিসেম্বর ২০১৭, ৩১ ডিসেম্বর ২০১৮ ও ৩১ ডিসেম্বর ২০১৯ এ সমাপ্ত ২য় প্রান্তিকের ত্রৈ-মাসিক এবং ৩১ মার্চ ২০১৮ ও ৩১ মার্চ ২০১৯ এ সমাপ্ত ৩য় প্রান্তিকের ত্রৈ-মাসিক হিসাব বিবরনী প্রস্তুতপূর্বক কমিশন ও স্টক এক্সচেঞ্জে ৪৫ দিন এর মধ্যে দাখিল করতে বাধ্য যা পরিপালনে উক্ত ইস্যুয়ার ব্যর্থ হয়েছে;

যেহেতু, ইস্যুয়ার কর্তৃক আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতার জন্য কমিশন কর্তৃক ১৯ ফেব্রুয়ারী ২০২০ তারিখের বিএসইসি/এনফোর্সমেন্ট/২৬০০/২০১৮/১৭৬ নম্বর স্মারকমূলে ইস্যুয়ারের ব্যবস্থাপনা পরিচালক সহ অন্যান্য পরিচালকগণ এবং কোম্পানী সচিবকে নির্ধারিত তারিখে উক্ত ব্যর্থতার কারণ প্রদর্শন সহ শুনানীতে উপস্থিত হতে বলা হয়, সংশ্লিষ্টরা উক্ত শুনানীতে ৯ মার্চ ২০২০ উপস্থিত হতে ব্যর্থ হন;

যেহেতু, টুং হাই নিটিং এন্ড ডাইং লিমিটেড একটি পাবলিক লিমিটেড কোম্পানী এবং তার পরিচালকমন্ডলীর সদস্যরা কোম্পানীর প্রতিনিধিত্বকারী যাহারা সিকিউরিটিজ সংক্রান্ত আইন ও বিধিবিধান পরিপালনের জন্য দায়ী;

যেহেতু, উক্ত ইস্যুয়ার কোম্পানীতে জনসাধারণের মালিকানার শেয়ার রয়েছে যা স্টক এক্সচেঞ্জে তালিকাভূক্ত, কিন্তু ইস্যুয়ার কর্তৃক হিসাব বিবরনীসমূহ দাখিল না করার ফলে বিনিয়োগকারীদের স্বার্থ ক্ষুন্ন হয়েছে ও হচ্ছে, যা পুঁজিবাজারের উন্নয়নেরও পরিপন্থী;

যেহেতু, উক্ত ইস্যুয়ার কোম্পানীতে বিনিয়োগকারীদের স্বার্থ রক্ষা সহ পুঁজিবাজারের উন্নয়ন ও শৃঙ্খলা রক্ষা করা কমিশনের অন্যতম উদ্দেশ্য তথা কর্তব্য;

যেহেতু, উক্ত ইস্যুয়ার একটি পাবলিক লিমিটেড কোম্পানী, উহার পরিচালকমন্ডলীর সদস্যবৃন্দ কোম্পানীর প্রতিনিধিত্বকারী তারা প্রত্যেকে উল্লিখিত কর্মকান্ড তথা সিকিউরিটিজ আইন ও উহার অধীনে জারিকৃত বিধি-বিধান ভঙ্গের জন্য দায়ী যা Securities and Exchange Ordinance, 1969 এর Section 22 এর অধীন শাস্তিযোগ্য অপরাধ; এবং

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য-

যেহেতু, কমিশনের বিবেচনায়, সিকিউরিটিজ আইন ও বিধি-বিধান পরিপালনে উল্লিখিত ব্যর্থতার জন্য, পুঁজিবাজারের শৃংখলা, স্বচ্ছতা এবং জনস্বার্থে আলোচ্য ইস্যুয়ারের ব্যবস্থাপনা পরিচালক ও কোম্পানি সচিবসহ প্রত্যেক পরিচালককে (স্বতন্ত্র পরিচালক ব্যতীত) জরিমানা করা প্রয়োজন ও সমীচীন;

অতএব, সেহেতু, কমিশন, উল্লিখিত যাবতীয় বিষয় বিবেচনাপূর্বক, Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969) এর Section 22 [যা The Securities and Exchange (Amendment) Act, 2000 দ্বারা সংশোধিত] এ প্রদত্ত ক্ষমতাবলে:

> টুং হাই নিটিং এন্ড ডাইং লিমিটেড এর চেয়ারম্যান জনাবা আঞ্জুমান-আরা খানম, ভাইস চেয়ারম্যান জনাবা নাফরীন মাহবুব, পরিচালক এবং প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ এহসানুর রহমান, পরিচালক জনাবা আফরীন মাহবুব, পরিচালক জনাবা নাসরীন শানু, কোম্পানি সচিব জনাব মিজানুর রহমান মৃধা এর উপর পৃথক পৃথক ভাবে ১ (এক) লক্ষ টাকা জরিমানা ধার্য্য করল যা অত্র আদেশের ১৫ (পনের) দিনের মধ্যে ' বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন' এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে জমা প্রদান করতে হবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের আদেশক্রমে,

১২/১০/২০২০

খোন্দকার কামালউজ্জামান
কমিশনার

বিতরনঃ

১।জনাবা আঞ্জুমান-আরা খানম, চেয়ারম্যান, টুং হাই নিটিং এন্ড ডাইং লিমিটেড, ৩০/২, দারুস সালাম রোড, শিল্প প্লট, ২সি/১-বি, মিরপুর-১, ঢাকা-১২০৯।
২।জনাবা নাফরীন মাহবুব, ভাইস চেয়ারম্যান, টুং হাই নিটিং এন্ড ডাইং লিমিটেড, ৩০/২, দারুস সালাম রোড, শিল্প প্লট, ২সি/১-বি, মিরপুর-১, ঢাকা-১২০৯।
৩।জনাবা আফরীন মাহবুব, পরিচালক, টুং হাই নিটিং এন্ড ডাইং লিমিটেড, ৩০/২, দারুস সালাম রোড, শিল্প প্লট, ২সি/১-বি, মিরপুর-১, ঢাকা-১২০৯।
৪।জনাব মোঃ এহসানুর রহমান, পরিচালক এবং প্রধান নির্বাহী কর্মকর্তা, টুং হাই নিটিং এন্ড ডাইং লিমিটেড, ৩০/২, দারুস সালাম রোড, শিল্প প্লট, ২সি/১-বি, মিরপুর-১, ঢাকা-১২০৯।
৫।জনাবা নাসরীন শানু, পরিচালক, টুং হাই নিটিং এন্ড ডাইং লিমিটেড, ৩০/২, দারুস সালাম রোড, শিল্প প্লট, ২সি/১-বি, মিরপুর-১, ঢাকা-১২০৯।
৬।জনাব মিজানুর রহমান মৃধা, কোম্পানি সচিব, টুং হাই নিটিং এন্ড ডাইং লিমিটেড, ৩০/২, দারুস সালাম রোড, শিল্প প্লট, ২সি/১-বি, মিরপুর-১, ঢাকা-১২০৯।